



## সংশোধনের সার্টিফিকেট

যদি আপনি বিল্ডিং বিভাগের ("Department Of Buildings, DOB") থেকে কোনো সমন পেয়ে থাকেন এবং তা "স্বীকার" করে থাকেন, অথবা "লঙ্ঘন/ডিফল্ট" অবস্থায় দোষী সাব্যস্ত হয়ে থাকেন, কিংবা কোনো শর্তে সম্মত হয়ে থাকেন – তাহলে আপনাকে **অবশ্যই** DOB-তে একটি সংশোধনের সার্টিফিকেট প্যাকেট জমা দিতে হবে, অন্যথায় আপনি **আরও** সমন পেতে পারেন।

আপনার সমনে একটি আদেশ থাকে যাতে লেখা থাকে: "লঙ্ঘনের পরিস্থিতি/প্রতিকার সংশোধনের জন্য কমিশনারের আদেশ।" এটি **আপনার** প্রতি একটি আদেশ, আপনি সেই ব্যক্তি বা প্রতিষ্ঠান, যার নাম সমনে উল্লেখ রয়েছে।

জরিমানা পরিশোধ করার অর্থ এই নয় **যে** আপনার দায়িত্ব শেষ হয়ে গেছে।

আপনাকে অবশ্যই 1) যে সমস্যার(গুলি) কারণে আপনি সমনটি পেয়েছেন তা সমাধান করতে হবে, 2) DOB-তে একটি সংশোধন প্যাকেট জমা দিতে হবে **এবং** 3) DOB-এর কাছ থেকে সংশোধনগুলির অনুমোদন পেতে হবে।

সমন(গুলি) পাওয়ার সাথে সাথেই আপনার লঙ্ঘনগুলি সংশোধন করা শুরু করা উচিত! আপনার শুনানি কখন, তাতে কিছু যায় আসে না!

OATH শুনানির পর যদি আপনার সমন খারিজ হয়ে যায়, তাহলেই কেবল আপনাকে সংশোধন প্যাকেট জমা দিতে হবে না। তবে, ভবিষ্যতের সমন এড়াতে আপনাকে তাসত্ত্বেও সংশোধন করতে হতে পারে।

আপনি যদি (1) লঙ্ঘন/ডিফল্ট অবস্থায় দোষী সাব্যস্ত হয়ে থাকেন; (2) লঙ্ঘন মেনে নেন; অথবা (3) কোনো শর্ত স্বীকার করে থাকেন, এবং (4) 'সংশোধনের সার্টিফিকেট' প্যাকেট জমা না দেন, তাহলে DOB-তে সংশোধনের সার্টিফিকেট দাখিল না করার কারণে DOB আপনার বিরুদ্ধে আরও সমন জারি করতে পারে।

লঙ্ঘনকে "শ্রেণি" 1, 2 অথবা 3 হিসেবে **অভিযুক্ত** করা যেতে পারে। **অভিযুক্ত** লঙ্ঘনের শ্রেণি সমনে উল্লেখ করা থাকে।

- শ্রেণি 1 – আপনাকে অবশ্যই **অবিলম্বে** সংশোধন করতে হবে
- শ্রেণি 2 ও 3- আপনাকে অবশ্যই **40 দিনের মধ্যে** সংশোধন করতে হবে।

ধাপ 1:

OATH সহায়তা কেন্দ্রের প্রতিনিধির কাছ থেকে সংশোধনের একটি সার্টিফিকেট প্যাকেট পান অথবা প্রয়োজনীয় ফর্মগুলি (AEU2, AEU3321 এবং/অথবা AEU20) পেতে

<https://www.nyc.gov/site/buildings/safety/oath-summons.page> দেখুন।

## ধাপ 2:

যেকোনো অন্তর্ভুক্ত "হলফনামা" পেজ পূরণ করুন। সমস্যাটি কীভাবে সমাধান করা হয়েছিল, কখন সমস্যাটি(গুলি) সমাধান করা হয়েছিল এবং কারা এটি সমাধান করেছে সে সম্পর্কে একটি *নোটারিকৃত* বিবৃতি অন্তর্ভুক্ত করুন। আপনার কাছে থাকা যেকোনো প্রমাণ অন্তর্ভুক্ত করুন।

- আপনার ফর্মের সাথে অন্তর্ভুক্ত যেকোনো "নির্দেশনা" নির্দেশিকা হিসেবে ব্যবহার করুন।

## ধাপ 3:

যিনি সমস্যার(গুলি) সমাধান করেছেন তাকে "সংশোধনের সার্টিফিকেটের সমর্থনে বিবৃতি" পেজটি পূরণ করতে এবং *নোটারি* করতে বলুন।

- আপনার ফর্মের সাথে অন্তর্ভুক্ত যেকোনো "নির্দেশনা" নির্দেশিকা হিসেবে ব্যবহার করুন।

## ধাপ 4:

[www.nyc.gov/dobnow](http://www.nyc.gov/dobnow) এ DOB NOW-তে লগ ইন করতে একটি ই-ফাইলিং অ্যাকাউন্ট তৈরি করুন বা ব্যবহার করুন এবং BIS অনলাইন পোর্টাল নির্বাচন করুন। যদি আপনার একটি ই-ফাইলিং অ্যাকাউন্ট তৈরি করার প্রয়োজন হয়, তাহলে [www.nyc.gov/DOBNOWtips](http://www.nyc.gov/DOBNOWtips) দেখুন। DOB NOW BIS অনলাইন পোর্টাল থেকে, সমন নম্বর সহ প্রয়োজনীয় ফিল্ডগুলিতে তথ্য লিখুন এবং প্রয়োজনীয় ফর্ম এবং অন্যান্য প্রয়োজনীয় নথি আপলোড করুন। DOB-এর প্রশাসনিক বলবৎকরণ ইউনিটের দ্বারা পর্যালোচনার জন্য আপনার নথিপত্র জমা দিন।

**দ্রষ্টব্য:** আপনার সংশোধনের সার্টিফিকেটটি **অনুমোদিত** না হওয়া পর্যন্ত **সম্পূর্ণ** হবে না।

**আরও সহায়তার জন্য, OATH-এর যেকোনো অবস্থানে সোমবার থেকে শুক্রবার, সকাল ৪টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ব্যক্তিগত উপস্থিতিতে, টেলিফোনের মাধ্যমে (212) 436-0845 নম্বরে, বা [Manhelpcenter@oath.nyc.gov](mailto:Manhelpcenter@oath.nyc.gov) এ ইমেলের মাধ্যমে OATH হেল্প সেন্টারে যোগাযোগ করুন।**

### Bronx

260 E.161st Street, 6th FL  
Bronx, NY 10451

### Brooklyn

9 Bond Street, 7th FL  
Brooklyn, NY 11201

### Manhattan

66 John Street, 10th FL  
New York, NY 10038

### Queens

31-00 47th Avenue, 3rd FL  
Long Island City, NY 11101

### Staten Island

350 St. Marks Place, Main FL  
Staten Island, NY 10301